



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭  
[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)



স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০০৪.২১.১৩৫

তারিখঃ ২৪ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ  
০৮ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.

**বিষয়: কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্যবিধি মেনে সকল ডিপ্লোমা শিক্ষাক্রমের শিক্ষা কার্যক্রম চালুকরণের লক্ষ্যে করণীয়।**

কোভিড-১৯ অতিমারির কারণে ১৮/০৩/২০২০ খ্রি. হতে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। সরকারের সিদ্ধান্ত মোতাবেক আগামী ১২ সেপ্টেম্বর ২০২১ খ্রি. হতে শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শ্রেণি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

- প্রতিষ্ঠানের সক্ষমতা বিবেচনায় ব্যবহারিক ক্লাসগুলো প্রাধান্য দিয়ে একাডেমিক রুটিন তৈরি করতে হবে।
- অনলাইনে চলমান তথ্যীয় ক্লাসসমূহের পাঠদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে কিন্তু ব্যবহারিক ক্লাসগুলো প্রাধান্য দিয়ে তাত্ত্বিক অনলাইন ক্লাস রুটিনকে সমন্বয় করতে হবে।
- ১ম এবং ৩য় পর্বের শিক্ষার্থীদের ক্ষেত্রে পদার্থ এবং রসায়ন ল্যাব স্বল্পতার কারণে টেকনোলজিভিত্তিক ভাগ করে প্রয়োজনে সপ্তাহের সকল দিবসে ক্লাস নেয়া এবং ল্যাবের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৫ম এবং ৭ম পর্বের শিক্ষার্থীদের ব্যবহারিক ক্লাস বিবেচনায় রুটিন প্রস্তুত করতে হবে।
- যেসকল বিষয়ের তাত্ত্বিক ক্লাস অনলাইনে নেয়া জটিল হবে সেক্ষেত্রে ব্যবহারিক ক্লাসের সাথে সমন্বয় করে তাত্ত্বিক ক্লাস স্ব-শরীরে নেয়ার ব্যবস্থা করতে হবে।
- ব্যবহারিক ক্লাসের সাথে সকল ধরনের ক্লাস টেস্ট ও কুইজ টেস্ট গ্রহণের ব্যবস্থা করতে হবে।
- সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের ক্ষেত্রে টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ থেকে বদলীকৃত শিক্ষার্থীদের বিদ্যমান গ্রুপের সাথে সমন্বয় করে প্রয়োজনে আলাদা গ্রুপ তৈরী করে তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস নিশ্চিত করতে হবে।
- ১ম শিফটের শিক্ষার্থীদের ক্লাসসমূহ ১ম শিফটে এবং ২য় শিফটের শিক্ষার্থীদের ক্লাসসমূহ ২য় শিফটে পরিচালনা করতে হবে।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা এবং কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে এ নির্দেশনা প্রদান করা হলো।

প্রাপক:

অধ্যক্ষ, সকল সরকারি-বেসরকারি ডিপ্লোমা স্তরের প্রতিষ্ঠানসমূহঃ

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০০৪.২১.১৩৫ (১৫)

(প্রকৌশলী ফরিদ উদ্দিন আহমেদ)

পরিচালক (কারিকুলাম)

ফোন নং-০২-৫৫০০৬৫২৩

তারিখঃ ২৪ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ  
০৮ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, কাওরান বাজার, ঢাকা।
- ৪। মহাপরিচালক, জনশক্তি ও কর্মসংস্থান প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০।
- ৫। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬-৭। পরিচালক (প্রশাসন)/ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৮-১২। সচিব/ পরিচালক (কারিকুলাম)/ পরিচালক (আইটিসি)/ পরিদর্শক/ পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৫। অফিস নথি।

(রূপক কান্তি বিশ্বাস)

কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)

ফোন : ০২-৫৫০০৬৫৪০

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।